

২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন
ই/১৬, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd

নং-২২.০২.০০০০.০১২.০৭.০১১.১৫/২১

২০/১০/১৪২১
তারিখ-----
০২/০১/২০১৫

বিষয় : বিশ্ব পরিবেশ দিবস উদযাপন উপলক্ষে প্রকাশিতব্য স্মরণিকা ২০১৫-এর লেখা আহবান।

জাতিসংঘ সাধারণ পরিষদের ২৭তম অধিবেশনে বিশ্বের জনসাধারণকে পরিবেশ দূষণ ও এর ব্যবস্থাপনা সম্পর্কে সচেতন করার উদ্দেশ্যে প্রতি বছর ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখিত সিদ্ধান্ত অনুসারে বিশ্বের অন্যান্য দেশের সাথে বাংলাদেশেও যথাযোগ্য মর্যাদায় ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়ে আসছে।


২। দিবসটি উদযাপন উপলক্ষে পরিবেশবিদ, লেখক, গবেষক এবং বরণ্য ব্যক্তিগণের লেখাসমৃদ্ধ একটি স্মরণিকা প্রকাশ করা হবে। পরিবেশ অবক্ষয়, মাটি দূষণ, পাহাড় কর্তন, গ্রীন ইকোনমী, জীববৈচিত্র্য, জলবায়ু পরিবর্তন, বর্জ্য ব্যবস্থাপনা, শব্দদূষণ, কার্বন টেডিং, ইটভাটা প্রযুক্তি, ইটিপি প্রযুক্তি, সাসটেইনেবল ট্রান্সপোর্টেশন, রিলোকেশন অব ইন্ডাস্ট্রিজ, আরবান প্ল্যানিং ইত্যাদি পরিবেশ বিষয়ে লেখা প্রেরণ করা যাবে।

৩। আগামী ১৫ মার্চ ২০১৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জনাব ফরিদ আহমেদ, উপ-পরিচালক (প্রচার), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা-১২০৭ অথবা ই-মেইলঃ fariddoe@yahoo.co.in বরাবর লেখাসমূহ (সফটকপি সহ SutonnyMJ ফন্ট, প্রয়োজ্য ক্ষেত্রে/সর্বোচ্চ ১৫০০ শব্দ) প্রেরণ করা যাবে।

৪। এ বছরের বিশ্ব পরিবেশ দিবসের প্রতিপাদ্য যথাসময়ে জাতিসংঘ পরিবেশ কর্মসূচি (ইউনেপ)/পরিবেশ অধিদপ্তরের ওয়েব ঠিকানা যথাক্রমে www.unep.org/www.doe.gov.bd-এ পাওয়া যাবে।

৫। এ প্রেক্ষিতে, তাঁর বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষকগণের লিখিত প্রবন্ধ/কবিতা ইত্যাদি প্রেরণের জন্য বিনীত অনুরোধ জানানো হলো।

মুদ্রিত
০২/০১/১৫


(মোঃ রইছউল আলম মণ্ডল)
মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর
ফোন:৮১৮১৮০০

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং সংস্থা/জ-৬/রে- ৪১৬৪(৫০)

তারিখঃ ২৬/০২/১৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ-

- ১। সকল বিভাগীয় প্রধান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ২। সকল ইনস্টিটিউট/সেন্টার-এর পরিচালকবৃন্দ, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৩। গার্ড ফাইল/ব-৬।